

E-Paper

আনন্দবাজার.com

 Log in

প্রথম পাতা

কলকাতা

পশ্চিমবঙ্গ ▾

দেশ

বিদেশ

সম্পাদকের পাতা ▾

আরও

[Anandabazar](#) / [West Bengal](#) / [TMC's Debangshu Bhattacharya raises five questions to SFI on Jadavpur University incident dgtl](#)

## যাদবপুর: এসএফআইয়ের দিকে পঞ্চবাণ তৃণমূলের দেবাংশুর, জবাবে কী বলছেন সৃজনেরা?


ছবি দেখিয়ে বামদেবের অভিযোগ, ইন্দ্রানুজ রায় নামের এক ছাত্রকে পিষে দিয়ে চলে  
গিয়েছে ব্রাত্য বসুর গাড়ি। সেই ছবি দেখিয়েই দেবাংশু একাধিক প্রশ্ন তুলেছেন।

# আনন্দবাজারcom

(বাঁ দিকে) দেবাংশু ভট্টাচার্য। সৃজন ভট্টাচার্য (ডান দিকে)। ছবি: সংগৃহীত।

## আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

শেষ আপডেট: ০৪ মার্চ ২০২৫ ২০:০১

Share 

Save

গত শনিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে ঘিরে যে ঘটনা ঘটেছিল, তা নিয়ে সিপিএমের ছাত্র সংগঠন এসএফআইয়ের উদ্দেশে পাঁচটি প্রশ্ন তুলল তৃণমূল। শাসকদলের আইটি সেলের প্রধান দেবাংশু ভট্টাচার্য মঙ্গলবার সাংবাদিক বৈঠকে একাধিক ছবি এবং ভিডিও দেখিয়ে দাবি করেন, বামেরা যে প্রচার করছে, তা সর্বৈব অসত্য এবং উদ্দেশ্যপ্রণোদিত। এসএফআইয়ের তরফে পাঁচটি সাংবাদিক বৈঠকেরও প্রস্তুতি শুরু হয়েছে।

Advertisement

Powered by



এসএফআই তথা বামদেবের তরফে একটি ছবি সমাজমাধ্যমে ভাইরাল করা হয়েছে। সেখানে দেখা যাচ্ছে ব্রাত্যের গাড়ির তলায় আড়াআড়ি ভাবে পড়ে রয়েছেন এক ছাত্র। বামদেবের অভিযোগ ছিল, ইন্দ্রানুজ রায় নামের ওই ছাত্রকে পিষে দিয়ে চলে গিয়েছে ব্রাত্যের গাড়ি। সেই ছবি দেখিয়ে দেবাংশু একাধিক প্রশ্ন তুলেছেন।

### আরও পড়ুন:

আনন্দবাজার.com

কন্যা প্রিয়স্বদার পা চেপে ধরেছিলেন মা  
রোমি, মুখে বালিশ চাপা দিয়ে খুন করেন  
তিনিই! দাবি প্রসূনের

আনন্দবাজার.com

সেমিফাইনালে ৫০ কোহলির, উইকেটে  
সঙ্গী শ্রেয়স, লক্ষ্য ২৬৫, স্কোর ১৩১/২

তাঁর প্রথম প্রশ্ন, গাড়ির তলায় আড়াআড়ি ভাবে পড়ে থাকা ছাত্রের যে ‘স্ল্যাপ’ ভাইরাল করা হয়েছে, তার আসল ভিডিওটি কই? দ্বিতীয়ত, ব্রাত্য বসুর সঙ্গে কয়েক জন ছাত্রের ছবি দেখিয়ে দেবাংশু দাবি করেছেন, এসএফআই সে দিন শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি দিয়েছিল। সেই সূত্রেই তাঁর প্রশ্ন, তার পরেও কেন বলা হচ্ছে শিক্ষামন্ত্রী সময় দেননি? দেবাংশুর তৃতীয় প্রশ্ন, বামেরা দাবি করেছে সে দিন নাকি তৃণমূলের বহিরাগত গুন্ডারা ক্যাম্পাসে গিয়েছিল। তাঁদের কারও

ছবি বা ভিডিয়ো কেন প্রকাশ্যে আনা হচ্ছে না? চতুর্থত, বলা হচ্ছে ইন্দ্রানুজের উপর দিয়ে গাড়ি চলে গিয়েছে। তা হলে কী ভাবে তাঁর শুধু চোখের অংশে আঘাত লাগে?

উল্লেখ্য, ইন্দ্রানুজ নকশালপস্থী ছাত্র সংগঠন আরএসএফের সংগঠক। ক্যাম্পাসের রাজনীতিতে তিনি কটর এসএফআই বিরোধী। মাস দেড়েক আগেই তিনি দাবি করেছিলেন, এসএফআই তাঁকে মেরে ফেলার হুমকি দিচ্ছে। সেই ইন্দ্রানুজের পাশে এসএফআই তথা সিপিএমের দাঁড়ানো নিয়ে দেবাংশুর প্রশ্ন, দেড় মাস আগে ইন্দ্রানুজ যা বলেছিলেন, তা সঠিক না বেঠিক সেটা এসএফআই কেন স্পষ্ট করছে না?

দেবাংশু এক-দুই-তিন করে যে প্রশ্ন তুলেছেন, ধরে ধরে মঙ্গলবার তার জবাব দেননি সৃজন। বরং বলেছেন, বুধবার তিনি সাংবাদিক বৈঠক করে তৃণমূলের ‘মুখোশ খুলবেন’। তবে সিপিএমের তরুণ নেতার কথায়, “বুধবার সব জবাব দেব। তবে দেবাংশুদের হাতে অনেক সংস্থা রয়েছে। পারলে তাদের ব্যবহার করে প্রমাণ করে দিক ওই ছবিটি সত্য নয়, ওটি নির্মিত।”